



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

শিলিগুড়ি কলেজে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দুশো সাত তম জন্ম জয়ন্তী অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৬ সেপ্টেম্বর : শিলিগুড়ি কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ ও বাংলা বিভাগের উদ্যোগে শনিবার আয়োজিত হয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের দুশো সাত তম জন্ম জয়ন্তী অনুষ্ঠান। রাজ্যের পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রতি শ্রদ্ধা নিবেদন করে বলেন শিক্ষা ,সমাজসংস্কার ও নারী শিক্ষার প্রসারে বিদ্যাসাগরের অবদান চির স্মরণীয়। তাঁর মানবিক মূল্যবোধ,প্রগতিশীল চিন্তা ভাবনা ও সমাজের প্রতি দায়বদ্ধতা আজও সমাজকে পথ দেখায়। এই অনুষ্ঠান আয়োজনের জন্য ছাত্র ছাত্রী ,কলেজের শিক্ষক শিক্ষিকা সকলকে শুভেচ্ছা জানান পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।

বক্রায় বাঘ ছাড়ার আগে আলিপুরদুয়ারে টাইগার ক্লাব গঠন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ সেপ্টেম্বর : বক্রা ব্যাঘ্র প্রকল্পে বাঘ ছাড়ার প্রস্তুতির মধ্যেই আলিপুরদুয়ার জেলায় গঠিত হল ‘টাইগার ক্লাব’। শনিবার আলিপুরদুয়ার শহরে একটি অনুষ্ঠানের মাধ্যমে এই ক্লাবের সূচনা হয়। বক্রা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গল সংলগ্ন কালচিনি, আলিপুরদুয়ার-২ এবং কুমারগ্রাম এলাকার বিভিন্ন বিদ্যালয়ের পড়ুয়াদের এই ক্লাবের সদস্য করা হবে। বাঘ এবং বন্যপ্রাণী সম্পর্কে স্থানীয় বাসিন্দাদের মধ্যে সচেতনতা গড়ে তোলাই এই ক্লাব গঠনের মূল লক্ষ্য। পাশাপাশি পড়ুয়াদেরও বাঘ সংরক্ষণ এবং বন ও বন্যপ্রাণী রক্ষার বিষয়ে সচেতন করা হবে বলে জানিয়েছেন রাজ্যের বনমন্ত্রী মনোজ কুমার ওরাওঁ। তিনি বলেন ,“পড়ুয়ারা ভবিষ্যতের কারিগর। তারা এই দায়িত্ব পালনে সফল হবে, তা আমার বিশ্বাস।”বনমন্ত্রী জানান, আগামী ২ অক্টোবর বক্রা জঙ্গলে বাঘ ছাড়ার পরিকল্পনা রয়েছে। বাঘ আনার জন্য ইতিমধ্যেই বিহারের বান্মীকি ব্যাঘ্র প্রকল্পে বন দফতরের একটি দল পৌঁছে গিয়েছে। তবে প্রতিকূল আবহাওয়ার কারণে এখনও বাঘ ধরা সম্ভব হয়নি। আশা করা হচ্ছে, আগামী দুই-তিন দিনের মধ্যে বাঘ ধরার কাজ সম্পন্ন হবে। এরপর বাঘটিকে ট্রান্সলোইজ করে হেলিকপ্টারের মাধ্যমে বক্রা ব্যাঘ্র প্রকল্পে নিয়ে আসা হবে বলে জানান বনমন্ত্রী।

Contact No: 9836753661

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

আলিপুরদুয়ার জংশনে কোচ রক্ষনাবেক্ষন ডিপো পরিদর্শন করলেন ডিআরএম দেবেন্দ্র সিং



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ সেপ্টেম্বর : উত্তর পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার বিভাগের আলিপুরদুয়ার জংশনে কোচ রক্ষনাবেক্ষন ডিপো পরিদর্শন করলেন বিভাগীয় রেল ম্যানেজার বা ডিআরএম দেবেন্দ্র সিং। শনিবার এই পরিদর্শন কর্মসূচিতে তার সাথে ছিলেন এ ডি আর এম এস কামেই ও রেলের অন্যান্য আধিকারিকগণ। জানা গেছে পরিদর্শক দলটি রেলের কোচ রক্ষনাবেক্ষন কার্যকলাপ,ডিপোর পরিকাঠামো, পুরনো পিট লাইন,রুগ্ন লাইন সহ নতুন পিট লাইন বসানোর কাজ খতিয়ে দেখেন। কোচ রক্ষনাবেক্ষন ডিপোর আধিকারিকদের পরিষ্কার পরিচ্ছন্নতার দিকটি আরও উন্নত করতে বলেন। পাশাপাশি দ্বিতীয় নতুন পিট লাইন বসানোর কাজে আরও গতি আনার নির্দেশ দেন।

বোনাস নিয়ে জটিলতা ,মাঠে নামলেন মন্ত্রী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ সেপ্টেম্বর : দলসিংপাড়া চা বাগানে এসে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামার কড়া বার্তা কোনো টালবাহানা চলবেনা শ্রমিকদের বোনাস দিতেই হবে।সামনেই পূজো আর পুজোর পূর্বে বোনাস নিয়ে টালমাটাল চলছে দলসিংপাড়া চা বাগানে। শনিবার দলসিংপাড়া চা বাগানে পরিদর্শনে আসেন রাজ্যের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা এদিন মন্ত্রী বাগানের ম্যানেজমেন্টের সাথে কথা বলেন এবং স্পষ্ট জানান বোনাস দিতেই হবে শ্রমিকদের বঞ্চিত করা যাবেনা।এদিন মন্ত্রী শ্রমিকদের সাথে কথা বলেন তাদের সমস্যা কথা শুনে। স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বিশাল লামা জানান অনেকদিন থেকে দলসিংপাড়া চা বাগানের শ্রমিকরা বঞ্চিত হয়ে আসছে। গত দুই বছর পূর্বে ও এই দলসিংপাড়া চা বাগান মালিক পুজোর পূর্বে বোনাস না দিয়ে বাগান বন্ধ করে পালিয়ে যায়। এবছর ও টালমাটাল চলছে। মন্ত্রী বিশাল লামা জানান এদিন ম্যানেজমেন্ট সাথে কথা হয়েছে তারা জানিয়েছে বোনাস দেবে।

স্বাস্থ্য দপ্তরে চাকরি দেওয়ার নাম করে ২৮ লক্ষ টাকা হাতিয়ে নিল



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ সেপ্টেম্বর : স্বাস্থ্য দপ্তরের চাকরি পাইয়ে দেবেন এমন টাই বলেছিলেন জলপাইগুড়ি মোহিত নগর এলাকার বাসিন্দা আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার মহাকালগুড়ি এলাকার ৮ জনের কাছ থেকে ২৮ লক্ষ টাকা নিয়েছেন চাকরি দেওয়ার নাম করে। আর এই আট জনের কাছ থেকে টাকা তুলে মোহিত নগরের বাসিন্দার হাতে তুলে দেন মহাকালগুড়ি এলাকার এক বাসিন্দা। গত দু বছর আগে নগদ এবং অনলাইনে এই টাকা প্রদান করা হয়েছে। এক বছর যাবৎ তাকে বারবার টাকা ফিরিয়ে দেওয়ার কথা বলা হচ্ছিল চাকরি দিতে না পারায়। কিন্তু মোহিত নগরের বাসিন্দা রীতিমতো লুকোচুরি খেলছিলেন মহাকালগুড়ি এলাকার এই বাসিন্দার সঙ্গে। অবশেষে পুলিশের দ্বারস্থ হয়েছেন তিনি। শামুকতলা থানার পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের করার পরেই শুক্রবার রাতে গ্রেফতার করা হয়েছে মোহিত নগর এলাকার বাসিন্দাকে। শনিবার তাকে আদালতে তোলা হয় আদালত থেকে শামুকতলা থানার পুলিশ তাকে পাঁচ দিনের পুলিশ হেফাজতে নিয়ে আসে জিজ্ঞাসাবাদের জন্য। শামুকতলা থানার পুলিশ সূত্রে জানা গেছে তাকে পাঁচদিনের পুলিশ হেফাজতে আনা হয়েছে জিজ্ঞাসাবাদের জন্য এই চক্রের সঙ্গে আরো কেউ জড়িত আছে কিনা তা তদন্ত করে দেখা হচ্ছে পুলিশের পক্ষ থেকে।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

ধাবার মালিককে গ্রেফতার করল পুলিশ

অত্যাধুনিক আগ্নেয়াস্ত্র সহ গ্রেপ্তার যুবক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ সেপ্টেম্বর : পূর্ব চেপানি থেকে গ্রেপ্তার সুজিত দেবনাথ কে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়েছে শামুকতলা থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে প্রচুর পরিমাণ মদ সহ তাকে গ্রেফতার করেছিল শামুকতলার রোড ফাঁড়ির পুলিশ শুক্রবার রাতে। তিনি একটি ধাবার মালিক ছিলেন। বেআইনি ভাবে মদ বিক্রির জন্যই তাকে গ্রেফতার করা হয়েছে। শনিবার তাকে আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হলো। তার বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা শুরু করেছে পুলিশ।

নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২৬ সেপ্টেম্বর : মালদহ জেলা পুলিশের কালিয়াচক থানার পুলিশ শুক্রবার রাতে থানার অন্তর্গত মোজমপুর ব্রিজ লাগোয়া এলাকা থেকে এক যুবককে গ্রেপ্তার করে। তার হেফাজত থেকে উদ্ধার হয় একটি নাইন এম এম অত্যাধুনিক পিস্তল, দুটি ম্যাগজিন ও আট রাউন্ড গুলি। জানা গেছে যুবকটি মোজমপুর ব্রিজ লাগোয়া এলাকায় শুক্রবার রাতে দ্বন্দ্বসন্দেহজনক ভাবে ঘোরাফেরা করছিলেন। সেই সময় নির্ভর যোগ্য সূত্রে খবর পেয়ে পুলিশ অভিযান চালিয়ে যুবককে গ্রেপ্তার করে ও তার হেফাজত থেকে আগ্নেয়াস্ত্র সহ গুলি ও ম্যাগজিন উদ্ধার করে। জানা গেছে ধৃতের নাম একলাসুর শেখ (২৫)। সে কালিয়াচক থানার মোজমপুরের ইমামজাগীর এলাকার বাসিন্দা। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে আদালতে পেশ করে এবং পরবর্তী পর্যায়ের তদন্তের স্বার্থে পুলিশ ধৃতকে সাতদিনের পুলিশ হেফাজতে নেবার আবেদন জানায়। ধৃত যুবক কোথা থেকে কি উদ্দেশ্যে এই অস্ত্র যোগাড় করেছে তা খতিয়ে দেখছে পুলিশ।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL